মেহেরপুর পৌরসভা

মেহেরপুর।

'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন' বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্যোগে অদ্য ২৩/০৫/২০২২ ইং তারিখ রোজ রবিবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভার কাঁলাচাদ সভাকক্ষে পৌরসভার 'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন' বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ১, ২ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাব মোছাঃ আলপনা খাতুন।

সভায় উপস্থিত সদস্যদের নাম ও স্বাক্ষর পরিশিষ্ঠ "ক" তে দেখানো হল।

আলোচ্য সূচী:

১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।

২. UGIIP-III প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন ৬টি বস্তিতে ভৌত অবকাঠামো উন্নয়নের ৩য় পর্যায়ের কাজের অগ্রগতি নিয়ে আলোচনা।

৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।	সভায় সভাপতি মহোদয় মোছাঃ আলপনা খাতুন আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২৫/০৪/২০২২ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল
UGIIP-III প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন ৬টি বস্তিতে ভৌত অবকাঠামো উন্নয়নে ৩য় পর্যায়ের কাজের অগ্রগতি নিয়ে আলোচনা।	সভাপতি মহোদয় সভায় জানান, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কার্যক্রমের উপর মেহেরপুর পৌরসভায় UGIIP-III প্রকল্পের আওতায় ভৌত অবকাঠামো উন্নয়ন কাজের ৩য় পর্যায়ের কাজ ইতিমধ্যে শুরু হয়েছে। তিনি জানান, ফুটপাথ, ড্রেন, ষ্টিটলাইট, টিউবওয়েল এর কাজ ইতি মধ্যে শেষ হয়েছে। ৮১ টি পায়খানার কাঠামো হয়েছে। সভাপতি মহোদয় এই কার্যক্রমের সর্বশেষ অবস্থা জানানোর জন্য বস্তি উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করেন। বস্তি উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ১ম ও ২য় পর্যায়ের কাজ ইতি মধ্যে শেষ হয়ে ৩য় ও শেষ অংশের কাজ শুরু হয়েছে। আমাদের প্রকল্প হতে যে বরাদ্দ দেওয়া ছিল তার প্রায় ৮০% কাজ ইতি মধ্যে শেষ হয়েছে। তিনি সভায় বলেন, ৮১ টি পায়খানার অবকাঠামো নির্মাণের কাজ শেষ হয়েছে। বাকি ৫০টি পায়খানার কাজ শুরুর হয়ে ২৫ টি পায়খানার ছাদ হয়ে	দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও বস্তি উন্নয়ন কর্মকর্তা।

	গেছে। কিছু দিনের মধ্যে বিদ্যুৎ ও টাইলসের কাজ শুরু হবে। মেয়র মহোদয় সভায় বলেন, বস্তির কাজ শুরু করতে অনেক দেরী হয়ে গেছে। তাই বাকি কাজগুলি অতি দ্রুত শেষ করতে হবে। তিনি সংশ্লিষ্ঠ সকল কাউন্সিলরগণকে এই কাজ সঠিক ভাবে বাস্তবায়নের জন্য নিয়োমিত তদারকির পরামর্শ দেন। এছাড়া এই কমিটির সকল সদস্যকে এই কাজ মনিটরিং করা আহবান জানান। দ্রুত সময়ের মধ্যে বস্তি উন্নয়নের সকল কাজ শেষ করার জন্য তিনি প্রকৌশল বিভাগ ও সংশ্লিষ্ঠ সকলকে সজাগ হওয়ার জন্য সভায় নির্দেশনা দেন।	
বিবিধ	জনাব মাসুদ শেখ, সভায় বলেন, আগামী ২/১ মাসের মধ্যে পৌরসভার নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা শোনা যাচ্ছে। যদি নির্বাচন হয় তাহলে কি বস্তি উন্নয়নের এই কাজ চলমান থাকবে, নাকি বন্ধ হয়ে যাবে। এ ব্যাপারে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন। মেয়র মহোদয় সভায় বলেন, বস্তি উন্নয়নের কাজ একটি চলমান কাজ। ভোটের তফশীল হলে এই কাজ চলমান রাখতে কোন বাধা নাই। এর পরেও প্রকৌশলীগণ সহ সংশ্লিষ্ঠ যারা আছেন তারা সার্বিক দিক বিবেচনা করে সিদ্ধান্ত নিবেন কাজ চলমান রাখার ব্যাপারে। এ ছাড়াও মেয়র মহোদয় করোনার সময়ে কর্মরত শ্রমিকদের স্বাস্থ্য সচেতন হয়ে কাজ করা জন্য বলেন। সকলকে করোনার টিকা নেওয়ার জন্য আহবান জানান।	মেয়র, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি।

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোছাঃ আলপনা খাতুন)
কাউন্সিলর ১, ২ ও ৯ নং ওয়ার্ড (সংরক্ষিত)
ও সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি,
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
২. জনাব ...., সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক অতিঃ স্থায়ী কমিটি।

মেহেরপুর পৌরসভা কার্যালয়
মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার নামঃ 'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক' অতিরিক্ত স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ২৩/০৫/২০২২ ইং

সভার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	[illegible]
২	জনাব মোছাঃ শিউলী খাতুন	কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড,(সংরক্ষিত)মেহেরপুর পৌরসভা	শিউলী
৩	জনাব হামিদা	মহিলা কাউন্সিলর ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা।	হামিদা
৪	জনাব মোঃ আল মামুন	কাউন্সিলর, ০২ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	[illegible]
৫	জনাব মোহাঃ মজিবর রহমান	নির্বাহী প্রকৌশলী, মেহেরপুর পৌরসভা	[illegible]
৬	হোসনে আরা	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি	হোসনে আরা
৭	মাসুদ শেখ	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি	মাসুদ
৮	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	[illegible] 23/05/22
৯	মোঃ [illegible]	CDA (UGIIP3)	[illegible]
১০			